

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
 সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের সভা কক্ষ, গোদাগাড়ী, রাজশাহী।
 তারিখ : ১৪/১০/২০২১ খ্রীঃ
 সময় : ১১:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

ক্র: নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী	সভাপতি	
০২	চেয়ারম্যান, মোহনপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৩	চেয়ারম্যান, পাকড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৪	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য-সচিব	

সভাপতি সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হলো।

০২.০ মহিলা শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটির আলোচনা :

গোদাগাড়ী উপজেলার মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত বিষয়ের গুরুত্ব তুলে ধরে সভাপতি মহোদয় জানান, মহিলা ও শিশুগণ সমাজের অবহেলিত একটি অংশ। সামাজিক ও পারিবারিক অবহেলার কারণে তারা অনগ্রসর শ্রেণীতে পরিণত হয়েছে। অথচ নারী সমাজের উন্নয়নের মাধ্যমে দেশ ও জাতি উন্নত হতে পারে। এছাড়া শিশুরা দেশের ভবিষ্যত নাগরিক। তাঁদের উন্নয়ন ঘটালে দেশ ও জাতি ভবিষ্যত সুনাগরিক পাবে। সভায় নারীদের উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের বিষয়টি গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নারীর ক্ষমতায়ন, তথা মানব সম্পদ উন্নয়ন, আত্মকর্মসংস্থান, সামাজিক সুরক্ষা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সচেতনতা ইত্যাদি বিভিন্ন কার্যক্রম গোদাগাড়ী উপজেলাতে পরিচালিত হয়। গত মাসে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি ৩০ সেপ্টেম্বর জাতীয় কন্যা শিশু দিবস উদযাপন করা হয়। প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় বাল্যবিবাহ প্রতিরোধে উঠান বৈঠক করলে মহিলাদের সচেতনতা বাড়বে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এ ব্যাপারে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কমিটির নাম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের অগ্রগতি
মহিলা শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি	প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় বাল্যবিবাহ প্রতিরোধে উঠান বৈঠক করলে মহিলাদের সচেতনতা বৃদ্ধিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় বাল্যবিবাহ প্রতিরোধে উঠান বৈঠক করলে মহিলাদের সচেতনতা বৃদ্ধিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করবেন।

প্রস্তাবিত সিদ্ধান্ত : প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় বাল্যবিবাহ প্রতিরোধে উঠান বৈঠক করলে মহিলাদের সচেতনতা বৃদ্ধির জন্য মাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জনাম মোসাঃ সুফিয়া খাতুন)
 উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
 ও

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি
 গোদাগাড়ী, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।

স্মারক নং-৩২.০১.৮১৩৪.০১০.০৫.২০১৭- ২৯৪

তারিখ : ১৪/১০/২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল :

- ০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
- ০২।সদস্য, মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
- ০৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদস্য, মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
- ০৪। অফিস কপি।



(শারমিন শাপলা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।